# ঈশ্বর সব শিশুদেরকে ভালবাসেন

## মূল সত্য

ঈশ্বর সবাইকে ভালবাসেন

## বাইবেলের পদ

“ছেলেমেয়েদের আমার কাছে আসতে দাও, বাধা দিয়ো না।”
**- মথি ১৯:১৪**

## পাঠের শুরু

একটি বিশেষ চাবি

## বাইবেলের গল্প

যুবক রাজা যোশিয় - ২ বংশাবলি ৩৩:২১-৩৪:২৭

## সম্পর্কযুক্ত গল্প

ছোট রেঞ্চ পিটার

নবজন্ম রূপান্তর
বিজয় মিনিস্ট্রিজ

# পাঠের উদ্দেশ্যঃ

অনেক শিশুরা আছে যারা হয় জানে না যে ঈশ্বর কে অথবা হয়তো তারা কখনো তাঁর নামই শোনে নাই। আবার হয়তো এমন শিশু আছে যারা তাঁকে জানে কিন্তু তাদের কোন ধারণাই নাই যে ঈশ্বর তাদেরকে ভালবাসেন। তারা হয়তো মনে করে যে তারা অনেক ছোট তাই তিনি তাদের দেখতে পান না। অথবা যদি তারা কখনো খারাপ ব্যবহার করে থাকে বা কোন সমস্যা তৈরী করে থাকে তাহলে তারা মনে করে যে তারা খুবই খারাপ আর সেই জন্য ঈশ্বর তাদেরকে ভালবাসেন না।


এই পাঠের উদ্দেশ্য শিশুদেরকে এটা বুঝতে সাহায্য করা যে ঈশ্বর সমস্ত শিশুদেরকে ভালবাসেন, এমনকি তাদেরও। এই পাঠের শেষে, আমরা চাই যেন শিশুরা জানতে পারে যে ঈশ্বর কাউকে ভালবাসেন আর কাউকে ভালবাসেন না এমন কোন ভিন্নতা নেই। তারা যেমনই হোক না কেন ঈশ্বর তাদের সবাইকে ভালবাসেন। এমনকি তারা যেন জানতে পারে যে যদিও তারা শিশু কিন্তু ঈশ্বর তাদেরকে দিয়েও অনেক বড় বড় কাজ করতে পারেন।



## প্রয়োজনীয় উপকরণ


### পাঠের শুরুঃ

তালা, তালার চাবি, অন্যান্য কিছু চাবি




### বাইবেলের গল্পঃ

আমোন, যোশিয়, চাকরের পোষাক, মুকুট, একটি নকল মুর্তি



### সম্পর্কযুক্ত গল্পঃ

স্লাইড



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# পাঠের ভুমিকা

কার্যক্রম

# একটি বিশেষ চাবি



*(শিক্ষক তালাটি দেখাবেন)* তোমাদের মধ্যে অনেকেই হয়তো এরকম তালা আগে দেখেছো। তালা সাধারণত ব্যবহৃত হয় কোনকিছু আটকে রাখার জন্য এবং মূল্যবান জিনিসপত্র সুরক্ষিত রাখার জন্য। *(শিক্ষক তালার চাবি দেখাবেন)* তালাটি খোলার জন্য, ঐ তালার জন্য যে বিশেষ চাবিটা বানানো হয়েছে, সেটাই লাগবে। যখনই আমি তালার মধ্যে এই চাবিটি দেব তখনই তালাটি খুলে যাবে। কিন্তু লক্ষ্য করে দেখ যখন আমি অন্য কোন চাবি দিয়ে এই তালা খুলতে যাই তখন কি ঘটে। *(শিক্ষক অন্য একটি চাবি ব্যবহার করুন)* আমি যখন এই চাবি দিয়ে তালাটি খুলতে যাই তখন এটি খুলছে না। কারণ এই চাবিটি এই তালার জন্য তৈরী হয় নি। কিন্তু এই চাবি এই তালার জন্য তৈরী হয়েছে।

এই তালার জন্য এই চাবিটি যেমন বিশেষ ঠিক তেমনি ঈশ্বরের কাছেও তুমি বিশেষ একজন। **একটি বিশেষ কারণে তুমি তাঁর কাছে খুবই মূল্যবান আর সেটি হচ্ছে তুমি একজন শিশু এবং ঈশ্বর সমস্ত শিশুদেরকে ভালবাসেন।** আর ঠিক যেমন তালাটি খোলা ও আটকানোর জন্য এই বিশেষ চাবিটি ব্যবহৃত হয়, ঈশ্বরও তোমাকে তেমনি বড় বড় কাজের জন্য ব্যবহার করতে চান।

**ঈশ্বরের কাছে শিশুরা এতটাই গুরুত্বপূর্ণ যে তিনি বাইবেলে বড়দেরকে বলেছেন যেন তারা ছোটদের মত বাধ্য হয়।** এরমানে এই নয় যে তিনি তাদেরকে সবসময় ছোটদের মত হওয়ার অভিনয় করতে বলেছেন। এর অর্থ এই যেন তারা ছোটদের মত শেখে যাতে তিনি তাদেরকে নতুন নতুন বিষয়ে শিক্ষা দিতে পারেন। এবং তিনি চান যেন তারা ছোটদের মত ক্ষমা করেন এবং অন্যদের সাথে রাগ ধরে না রাখেন। শিশুরা যেভাবে তাদের বাবা-মায়ের বাধ্য থাকে ও তাদের কথা শোনে তেমনি ঈশ্বরও চান যেন তারা তাঁর বাধ্য হয় এবং তাঁর কথা শোনে।

**তুমি কেমন বা কোথায় থাক তাকে কিছু যায় আসে না, ঈশ্বর সবাইকে ভালবাসেন।** এমনকি যদি তুমি খারাপ ব্যবহার কর বা খারাপ কিছু করেও থাক তবুও ঈশ্বর তোমাকে ভালবাসেন এবং তুমি ক্ষমা চাইলে তিনি ক্ষমা করবেন। তিনি আরো খুশি হন যখন তুমি তাঁর বিষয়ে শেখার জন্য সময় দাও যা এখন তোমরা করছো। মূলত বাইবেলে ঈশ্বর বলেছেন যেন বড়রা এমন কিছু যাতে না করে যা ছোটদেরকে ঈশ্বরের কাছে আসতে বাঁধা দেয়।

**আজকের বাইবেলের পদঃ**
**"ছেলেমেয়েদেরকে আমার কাছে আসতে দাও, বাঁধা দিও না!" মথি ১৯ঃ১৪**

**উদাহরণ**

- **যেহেতু ঈশ্বর সমস্ত শিশুদেরকে ভালবাসেন তাই তিনি চান যেন যখন তোমার জীবনে কোন সমস্যা আসে বা তুমি দুঃখ পাও বা একাকি থাক তখন যেন তুমি তাঁর সাথে কথা বল এবং তাঁর কাছে সাহায্য চাও।**
- **যেহেতু ঈশ্বর সমস্ত শিশুদেরকে ভালবাসেন তাই তিনি চান যেন তুমি তাঁর সাথে বাইবেল পড়া ও প্রার্থনার মধ্যে দিয়ে সময় কাটাও যাতে তিনি যখন তোমার সাথে কথা বলেন যেন তুমি তা হৃদয়ে বুঝতে পার।**

তুমি ঈশ্বরের কাছে বিশেষ এবং তিনি তোমাকে খুবই ভালবাসেন। তিনি তোমাকে এতটাই ভালবাসেন যে তিনি আমাদেরকে পাঠিয়েছেন যেন প্রত্যেক সপ্তাহে তুমি আমাদের কাছ থেকে তাঁর বিষয়ে শিখতে পার। **তাই যদি তুমি কখনো অনুভব কর যে কেউ তোমাকে ভালবাসে না বা ঈশ্বরের কাছে তুমি ভাল না, তাহলে মনেরেখ ঈশ্বর সমস্ত শিশুদেরকে ভালবাসেন, বিশেষ করে তিনি তোমাকে ভালবাসেন।**

**উপকরণ**

তালা, তালার চাবি, একটি ভিন্ন চাবি



বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# বাইবেলের শিক্ষা

দৃষ্টান্ত

## যুবক রাজা যোশিয় - ২ বংশাবলী ৩৩ঃ২১-৩৪ঃ৭

মাঝে মাঝে ঈশ্বর যখন বিশেষ কিছু করতে চান তখন তিনি শিশুদেরকে দিয়ে সেটি করান। বাইবেলে এমন অনেক ঘটনা আছে যেখানে ঈশ্বর বিশেষ কিছু করার জন্য শিশুদের ব্যবহার করেছেন। তাদের মধ্যে একজন শিশুর নাম ছিল যোশিয়।

*(আমোন গর্বভরা চাহনি নিয়ে প্রবেশ করবে)* যোশিয় রাজা হওয়ার আগে তারা বাবা আমোন যিহুদার রাজা ছিলেন। তিনি বাইবেল আমাদের বলে যে তিনি একজন খারাপ ও অবাধ্য রাজা ছিলেন। *(আমোন মুর্তির সামনে প্রনাম করে চলে যাব)* জীবন্ত ঈশ্বরের পরিবর্তে আমোন অনেকগুলো নকল দেবতা ও মুর্তির আরাধনা করতো। আর তিনি এতটাই খারাপ রাজা ছিলেন যে দুই বছর পর তার কয়েকজন চাকর তাকে মেরে ফেললো।
*(যোশিয় ও চাকরের প্রবেশ, চাকর তার মাথায় মুকুট পরাবে)* রাজা আমোনের মৃতুর পর লোকদের একজন নেতার দরকার ছিল। যদিও তখন তার বয়স মাত্র ৮ বছর ছিল কিন্তু তবুও লোকেরা আমোনের ছেলে যোশীয়কে তাদের নতুন রাজা হিসাবে পছন্দ করলো। যোশিয় যখন ছোট ছিল তখন থেকেই সে ঈশ্বর সম্পর্কে শিখতে লাগলো। আস্তে আস্তে যখন সে বড় হতে লাগলো ঈশ্বর তাকে ঐ রাজ্যের সমস্ত মুর্তি আর দেবতা দুর করার জন্য ব্যবহার করলেন।
যোশিয়ঃ সমস্ত মিথ্যা দেবতা ও মুর্তি দুর কর! এখন থেকে আমরা শুধুমাত্র সত্যিকারের জীবন্ত ঈশ্বরের আরাধনা করবো।

যোশিয় একজন ভাল রাজা ছিলেন এবং তিনি ৩১ বছর ধরে ঐ দেশের রাজা ছিলেন। আর বাইবেল বলে যে তিনি ঈশ্বরের পক্ষে জীবন যাপন করতেন আর সমস্ত দিন ঈশ্বরের সেবা করতেন।

***থাম!*** *(শিক্ষক যোশীয়ের পাশে গিয়ে দাড়াবেন)*। ঈশ্বর যোশীয়কে একজন শিশু হিসাবেই তার লোকদের মিথ্যা দেবতা থেকে ফিরে আসার জন্য ব্যবহার করলেন। যেভাবে তিনি যোশীয়কে ব্যবহার করেছেন, তেমনি তিনি তোমাকেও ব্যবহার করতে চান। তুমি কোথায় বাস কর, তুমি দেখতে কেমন, বা তোমার বাবা-মা কত টাকা আয় করেন তাতে কিছুই যায় আসে না। **তিনি চান যেন তুমি তাঁর কথা শোন, বাধ্য হও এবং তাঁর বিষয়ে আরো শিখতে পার যেন তিনি তোমাকে পরিচালনা করতে পারেন ও কি করতে হবে তা বলতে পারেন। ঈশ্বর সমস্ত শিশুদেরকে ভালবাসেন এবং তিনি তোমাকে বিশেষ কিছু করার জন্য ব্যবহার করতে চান।**

**আজকের বাইবেল পদ বলেঃ**
**“ছেলেমেয়েদেরকে আমার কাছে আসতে দাও, বাধা দিও না!” - মথি ১৯ঃ১৪**

উদাহরণ

- **যদি কেউ তোমাকে বোকা বলে আর বলে যে তোমার দিয়ে কিছুই হবে, তাদের কথায় বিশ্বাস করো না। ঈশ্বর তোমাকে ভালবাসেন এবং তিনি তোমাকে বিশেষ কাজে ব্যবহার করতে চান।**
- **তুমি যদি মনে কর যে ঈশ্বরের জন্য ব্যবহৃত হতে তুমি অনেক ছোট, তোমার বয়স কম, এটা সত্যি নয়। ঈশ্বর তোমাকে ভালবাসেন এবং তিনি তোমাকে তাঁর কথা অন্যদের কাছে বলার জন্য ও লোকদের সাহায্য করার জন্য ব্যবহার করতে পারেন।**

ঈশ্বর তোমাকে ভালবাসেন এবং তিনি তোমাকে তোমার বাড়ীতে, স্কুলে এমনকি তোমার এলাকাতে তোমাকে ব্যবহার করতে চান। তিনি চান যেন তুমি তাঁর কথা তোমার পরিবার, বন্ধু ও অন্যদেরকে বল যেন তারাও ঈশ্বরের ভালবাসার কথা জানতে পারে। **তুমি কেমন তাতে কিছু যায় আসে না, ঈশ্বর তোমাকে ব্যবহার করতে পারেন কারণ তিনি সমস্ত শিশুদেরকে ভালবাসেন, বিশেষ করে তোমাকে।**

**উপকরণ**

আমোন, যোশীয়, চাকরের পোষাক, মুকুট, মিথ্যা দেবতার মুর্তি




বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প

চাষ করা

# ছোট রেঞ্চ পিটার


১ একটি বড় গাড়ী মেরামত করার কারখানায় একটি রেঞ্চ ছিল যার নাম ডানকান। ডানকান ছিল ঐ কারখানার সবচেয়ে শক্তিশালী রেঞ্চ এবং গাড়ি বা ট্রাক মেরামত করা জন্য সবচেয়ে উপযোগী রেঞ্চ। অন্যান্য সব যন্ত্রপাতীগুলো ডানকানের দক্ষতা দেখে বিষ্মিত ছিল এবং সবাই তার মতো হতে চাইতো।



২ প্রত্যেকদিন অন্যান্য যন্ত্রপাতীগুলো ডানকানকে অনুসরণ করতো আর তার কাজ দেখতো। যখন সে কোনকিছু ঠিক করতো তখন অন্যান্যরা তার জন্য হাততালি দিত। নিজের প্রতি বড়াই করে সে প্রায়ই এই কথা বলতো, “এই পৃথিবীতে এমন কিছুই নেই যা আমি মেরামত করতে পারি না!”



৩ যদিও ডানকান কাজে ভাল ছিল কিন্তু সে দয়ালূ ছিল না। সে সবসময় পিটারের মত ছোটখাট রেঞ্চগুলোকে কাজের সময় অবহেলা করতো। পিটার সবসময় ডানকানের প্রশংসা করতো কিন্তু ডানকান সবসময় পিটার ও অন্যদেরকে ছোট মনে করতো এবং ভাবতো যে তারা বিশেষ কেউ না এবং তারা কোনকিছু মেরামত করতে পারবে না। **কিন্তু তারপরেও পিটার ডানকানকে অনুসরণ করতো এবং তার কাছ থেকে যতটা সম্ভব শেখার চেষ্টা করতো যেন একদিন সেও বড় কিছু করতে পারে।**



৪ একদিন একটি খুবই দামী ও সৌখিন গাড়ী ঐ কারখানায় আসলো। এর কিছু মেরামত করার দরকার ছিল এবং গাড়ীর মালিক খুব অল্প সময়ের মধ্যে মেরামতের কাজটি করতে চাইলেন। সে খুবই গম্ভির ধরণের লোক ছিলেন এবং তাকে দেখে ডানকানসহ অন্য সমস্ত যন্ত্রপাতীগুলো ভয় পেয়ে গেল। “আপনি কি আমার গাড়ি ঠিক করতে পারবেন নাকি পারবেন না?” লোকটি জিজ্ঞাসা করলো। হতভম্ব/ভয়ে ভয়ে ডানকান উত্তর দিলেন, “অবশ্যই। আমরা কয়েক ঘন্টার মধ্যেই এটিকে ঠিক করে দিচ্ছি।”



বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

## সম্পর্কযুক্ত গল্প


চাষ করা

# ছোট রেঞ্চ পিটার

৫ প্রথম কয়েক ঘন্টায় ডানকান অনেক কিছু মেরামত করে ফেলেছে। কিন্তু তবুও গাড়ি থেকে একটা অদ্ভুত শব্দ আসছে এবং সে কোনভাবেই বুঝতে পারছে না যে শব্দটি কোথা থেকে আসছে। গাড়ির মালিকের আসতে আর মাত্র কয়েক মিনিট বাকি আছে, আর ডানকান খুব ভয় পেয়ে গেল এবং বুঝতে পারছিলনা যে কি করবে। তখন পিটার তার কাছে গেল এবং বলল, “মনেহয় আমি তোমাকে সাহায্য কতে পারি। কিন্তু পিটার কি বলতে চায় ডানকান তা শুনতেই চাচ্ছিল না।



৬ তার কিছুক্ষণ পরেই গাড়ীর মালিক গাড়ি নেয়ার জন্য ফিরে আসলেন। কিন্তু যখনই তিনি গাড়ি স্টার্ট দিলেন তিনি গাড়িতে সেই শব্দটি শুনতে পেলেন। লজ্জিত হয়ে ডানকান লোকটির কাছে গিয়ে বললেন, “স্যার আমাকে ক্ষমা করবেন, আমি এই শব্দটি ঠিক করতে পারি নাই।” লোকটি কোন কথা না বলে ছোট যন্ত্রপাতীগুলোর দিকে তাকাতে শুরু করলেন আর পিটারের দিকে লক্ষ্য করলেন। লোকটি বুঝতে পারলেন যে পিটার সাহায্য করতে চায় তাই তিনি তাকে ডাক দিলেন এবং বললেন যেন সে শব্দটি ঠিক করার চেষ্টা করে।



### শিক্ষার সময়

পিটার ছিল যন্ত্রপাতীগুলোর মধ্যে সবচেয়ে ছোট যন্ত্র, কিন্তু তাকেই গাড়িটি ঠিক করার জন্য পছন্দ করা হয়েছিল। হতেপারে পিটারের মত তুমিও ছোট আর তুমি মনে করছো যে ঈশ্বর তোমাকে কোন কাজেই ব্যবহার করতে পারবেন না কারণ তুমি ছোট শিশু। **এটি সত্যি নয় কারণ ঈশ্বর সব শিশুদেরকে ভালবাসেন আর তিনি তোমাকে বিশেষ কাজের জন্য ব্যবহার করতে চান। তাই তাঁর বিষয়ে শিখতে থাক এবং তাঁর সাথে জীবন যাপন করার সর্বোচ্চ চেষ্টা কর যেন তিনি তোমাকে ব্যবহার করতে পারেন।**

**মনেরেখ আজকের বাইবেলের পদ কি বলেঃ**
**“ছেলেমেয়েদেরকে আমার কাছে আসতে দাও, বাঁধা দিও না!” - মথি ১৯ঃ১৪**

উদাহরণ


- **হতেপারে তুমি তোমার এলাকার লোকদের সাহায্য করতে চাও কিন্তু সবাই তোমাকে বলছে তুমি ছোট। ঈশ্বরের কাছে ব্যবহার হওয়ার জন্য তুমি খুব ছোট নও, তাই তোমাকে কি করতে হবে তা বোঝার জন্য তুমি তাঁর কাছে প্রার্থনা করতে পার।**
- **হতেপারে তোমার বড় স্বপ্ন আছে কিন্তু যেহেতু তোমার পরিবার গরীব তাই তমি চিন্তা করছো তোমার স্বপ্ন কখনোই সত্যি হবে না। ঈশ্বর তোমাকে ভালবাসেন আর তিনি তোমাকে তোমার স্বপ্ন পূরনে সাহায্য করতে পারেন।**

লোকটি কাজের জন্য তাকে পছন্দ করেছে বলে পিটার খুবই উত্তেজিত ছিল। তাহলে চল দেখি এরপরে কি হয়েছিল।

বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# ছোট রেঞ্চ পিটার

৭ যখন ডানকান এই সমস্ত কিছু দেখলো তখন সে রাগে লাল হয়ে গেল কিন্তু এই বিষয়ে তার কিছুই করার ছিল না। পিটার খুব ছোট ছোট আর লুকানো জায়গাগুলোতে কাজ শুরু করলো এটা দেখার জন্য যে শব্দটি কোথা থেকে হচেছ। শব্দটি খুজে পেতে ও তা মেরামত করার জন্য পিটারের মাত্র কয়েক মিনিট সময় লাগলো। যখন সে কাজ শেষ করলো, তখন পিটার গাড়িটির দিকে তাকালো আর ভাবলো একদিন এই ধরণের গাড়ী চালাতে পারলে খুবই মজা হবে।



৮ মিনিটখানিক পরেই গাড়ির মালিক গাড়িটি স্টার্ট করলো আর তখন কোন শব্দ ছিল না। “ধন্যবাদ ছোট বন্ধু। আমার গাড়ি এখন নতুন গাড়ির মত শব্দ করছে। তুমি কি আমার সাথে একটু গাড়িতে চড়তে চাও?” “হ্যাঁ, স্যার” পিটার বললো আর লাফ দিয়ে গাড়িতে উঠে পড়লো। এই সৌখিন গাড়ীতে চড়তে পেরে পিটার খুবই খুশি ছিল। **সবচেয়ে বেশি যেটা তার ভাল লেগেছিল তা হলো গাড়িটি ঠিক করার জন্য তাকেই বাঁছাই করা হয়েছিল আর এই বিশেষ কাজটি করতে পেরে সে খুবই খুশি।**



বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# কাজের পরিকল্পনা

## কাজ ১ # সিদ্ধান্ত গ্রহন


যখন লোকটি পিটারকে গাড়ি মেরামত করার জন্য পছন্দ করেছিল তখন পিটার বুঝতে পেরেছিল যে যদিও সে ছোট কিন্তু সে খুবই গুরুত্বপূর্ণ এবং বিশেষ কিছু করতে পারে। পিটারের মত তুমিও খুবই গুরুত্বপূর্ণ এবং ঈশ্বর তোমাকে খুবই ভালবাসেন কারণ তিনি সমস্ত শিশুদেরকে ভালবাসেন। তোমাকে ভালবাসার জন্য যদি তুমি ঈশ্বরকে ধন্যবাদ দিতে চাও এবং চাও যেন তিনি তোমাকে ব্যবহার করতে শুরু করেন, তাহলে আমার সাথে এই প্রার্থনা কর।

## কাজ ২ # প্রার্থনা

পিতা ঈশ্বর, আমি যেমন তেমনভাবেই আমাকে ভালবাসার জন্য তোমাকে ধন্যবাদ। দয়াকরে তোমার বিষয়ে আমাকে আরো শিখতে ও তোমার সাথে জীবন-যাপন করতে সাহায্য কর যেন আমি বিশেষ কিছু করতে পারি। পিতা ঈশ্বর, আমি তোমাকে ভালবাসি। যীশুর নামে, আমেন।



# চলো খেলা করি! খেলার প্রশ্নঃ



- গত সপ্তাহের পাঠে, আমরা বলেছি যে জীবন হচ্ছে একটি ...?

  **মূল্যবান সম্পদ**

- গত সপ্তাহের পাঠে আমরা বলেছি যে সবচেয়ে মূল্যবান সম্পদ হলো তোমার ...?

  **জীবন**

- গত সপ্তাহের পাঠে আমরা বলেছি যে কে আমাদের এই মূল্যবান সম্পদ দিয়েছেন?

  **ঈশ্বর**



বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ